



রমাদানঃ ১৪৪৮হিজরী,২০২৭
পূর্ব প্রস্তুতি ও করনীয়

Sisters'Forum In Islam



রমাদান পূর্ব পরিকল্পনাঃ ২০২৭

আরবী বার মাসের নাম

1) মুহররম ২) সফর ৩) রবিউল আউয়াল ৪) রবিউস সানি ৫) জমাদিউল আউয়াল ৬) জমাদিউস সানি ৭) রজব ৮) শাবান ৯) রমজান ১০) শাওয়াল ১১) জিলক্বদ ১২) জিলহজ্জ

জাতীয় চাঁদ দেখা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, ১৪৪৮ হিজরি সনের পবিত্র জমাদিউস সানি মাস শুরু হয়েছে বৃহস্পতিবার, ১২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দে।

(জমাদিউস সানি+ রজব+ শাবানঃ ১৪৪৮ হিজরী)

১। ব্যক্তিগত আত্মউন্নয়নের জন্যঃ

- কুর'আন তেলাওয়াতঃ প্রতিদিন ৫ পৃষ্ঠা করে(প্রতি ওয়াক্তে সালাতের পর বা আগে)
- কুর'আনিক শব্দার্থ সহকারে সহিহ তাজবীদের সাথে রিভিশন/ মুখস্থঃ সূরা নংঃ ৯৩-১১৪ (মোট ২২টি সূরা) ও পূর্বে যা মুখস্থ আয়াত সমূহ
- কুর'আনের তাফসীরঃ পারা ২৮ ও পারা ২৯
- মুখস্থঃ কুর'আনিক দু'আ সমূহ -৬টি
- হাদীস পাঠঃ বুখারী ও মুসলিম শরিফ থেকে সাওম অধ্যায়(কমপক্ষে প্রতিদিন ২টি করে)
- দু'আ মুখস্থঃ সালাতে পঠিত ও নিত্য কাজের পূর্বের দু'আসহ,সাইয়্যেদুল ইস্তেগফার,ইস্তেখারা দু'আ, জানাযার দু'আ, তাহাজ্জুদে পড়ার দু'আ ও দু'আর সমষ্টি
- ইসলামী সাহিত্যঃ রমাদান সংক্রান্ত মাস'আলা নির্বাচিত ফাতাওয়া, উম্মাহাতুল মু'মিনীন

Sisters'Forum In Islam

Sisters'Forum In Islam

রমাদান পূর্ব পরিকল্পনাঃ ২০২৭/১৪৪৮ হিজরী

- **যত্নশীল হতে হবেঃ** নিজের খাদ্য ও ঘুম (শারিরীক ও মানসিক সুস্থতা),ফরয সালাত, সাওম, পর্দা (বিশেষ করে ঘরে সতর রক্ষা ও পর্দা) ও তাহাজ্জুদ সালাত ও দু'আ করা, যাকাত, দান সাদাকা ও সাদাকায়ে জারিয়ার কাজ
- **যা ছাড়তে হবে--** রাগ, জোড়ে কথা বলা, অট্ট হাসি, গীবত, হিংসা, মিথ্যা বলা, ঝগড়া, কুধারনা, অন্যের কথার দোষ ধরা
  হারাম আয় ও হারাম পথে ব্যয় এবং অপ্রয়োজনীয় হালাল খরচ

* **যা থেকে দূরে থাকতে হবে-** অতিরিক্ত গল্প ও অতিরিক্ত কথা বলা থেকে
সামাজিক মিডিয়াতে অতিরিক্ত সময় দেয়া থেকে
ছবি দেয়া বা দেখা থেকে
গান শুনা/নাটক/মুভি দেখা থেকে
অপ্রয়োজনে শপিং মলে যাওয়া থেকে

২। পারিবারিক সম্পর্ক উন্নয়ন ও দায়িত্ব পালনঃ

- পরিবারের সদস্যদের সাথে একান্তে বসে মতবিনিময়, কথা বলা, তাদের কথা শুনা।
- পারিবারিক তালিম(যার যার পরিবেশে হিকমাহ অবলম্বন)-প্রতি সপ্তাহে ১টি
- প্রতি মাসে উপহার প্রদানঃ ১টি, প্রতি মাসে একবার একসাথে কোথাও বেড়াতে যাওয়া।
- বিভিন্ন ধরনের আনন্দঘন আসর করা-----প্রতি মাসে ১টি (খেলাধূলা, কুইজ)
- দ্বীনী পরিবেশের সাথে সম্পর্ক করার চেষ্টা। স্কলারদের লেকচার শুনানো। সপ্তাহে-কমপক্ষে ১টি
- কুর'আন সহিহ তাজবীদের ব্যবস্থা করে ফেলা-(যারা পারেন না) জরুরী ভিত্তিতে
- যেকোন একটি তাফসীর বা মোটিভেশনাল ক্লাশের গ্রুপের সাথে সংযোগ করে দেয়া।

* অনলাইন অনেক ইসলামিক কোর্স রয়েছে, সেগুলোতে সুবিধামতো যুক্ত করার প্রচেষ্টা চালানো।

Sisters'Forum In Islam
Sisters'Forum In Islam

রমাদান পূর্ব পরিকল্পনাঃ ২০২৭/১৪৪৮ হিজরী

৩। আত্মীয় ও প্রতিবেশী, কলিগ

- প্রাধান্য অনুসারে সম্পর্কের উন্নয়নে ভূমিকা রাখা।-দাওয়াত/উপহার
- অনলাইন গ্রুপ করে সাপ্তাহিক বা পাক্ষিক মোটিভেশনাল ক্লাশ শুরু করা।
- যেকোন একটি তাফসীর বা মোটিভেশনাল ক্লাশের গ্রুপের সাথে সংযোগ করে দেয়া।
- বই উপহার দেয়া বা বই সম্পর্কে আগ্রহ সৃষ্টি করা। কম পক্ষে প্রতিমাসে ৪জন
- কুর'আন সহিহ তাজবীদের ব্যবস্থা করে দেয়া(যারা পারেন না)

* অনলাইন অনেক ইসলামিক কোর্স রয়েছে, সেগুলোতে সুবিধামতো যুক্ত করার প্রচেষ্টা চালানো।

৪। অধিনস্থদের প্রতি (গৃহ কর্মী/ড্রাইভার/দাড়োয়ান/ কর্মচারী)

- সততা ও আখলাকের শিক্ষা দেয়া, সালাতের ও পর্দার ব্যবস্থা রাখা
- সম্ভাব্য কাজ হালকা করে দেয়া, ক্ষমা করা, ঠান্ডা মাথায় বুঝানো
- তাদের প্রয়োজনীয় চাওয়ার ব্যবস্থা করা, উপহার দেয়া
- মাঝে মাঝেই খোঁজ নেয়া তাদের পরিবার ও পরিবেশের
- তাদের পরিবেশে দ্বীনি শিক্ষার ব্যবস্থা করার সুযোগ করা

Sisters'Forum In Islam

Sisters'Forum In Islam

রমাদান পূর্ব পরিকল্পনাঃ ২০২৭/১৪৪৮ হিজরী

Sisters'Forum In Islam

৫। সামাজিক সাদাকায়ে জারিয়া

- নিজ নিজ দরিদ্র/ মিসকীন আত্মীয় বা প্রতিবেশীদের মৌলিক চাহিদা পূরনে সহায়তা করা
- যার যার গ্রামের মসজিদে- হুইল চেয়ার, একটি ডিজিটাল প্রেসার মাপা ও অক্সিমিটার প্রদান। মাইয়্যতের গোসল ব্যবস্থাপনার সরঞ্জাম দেয়া
- বিশুদ্ধ পানির ব্যবস্থা, কুর'আন ও হাদীসের সেট দিয়ে পাঠাগার করে দেয়া।
- টয়লেট ও হাত ধোয়ার উপযুক্ত হাইজিন পরিবেশের ব্যবস্থা করা।
- সহিহ কুর'আন শিখার ব্যবস্থা করে দেয়া(উপযুক্ত আলেম দিয়ে)
- গ্রামের বাজার বা উপযুক্ত স্থানে পাবলিক টয়লেটের ব্যবস্থা সম্ভব হলে করে দেয়া ও মেইনটেনেন্সের জন্য মাসিক ভাতা দিয়ে লোক ঠিক করা।
- গ্রামের বৃদ্ধদের খোঁজ নেয়া ও মৌলিক চাহিদা পূরন হচ্ছে কি না সহযোগীতা করা।
- গাছ লাগানোর ব্যবস্থা করা
- মাইয়্যেতের গোসল প্রশিক্ষন দেয়ার জন্য প্রতি পারা থেকে ৫জনের গ্রুপ করে প্রশিক্ষন দেয়ার ব্যবস্থা করা
- সেলাই মেশিন বা রিকসা প্রদান
- বিবাহ সম্পন্ন হতে আর্থিক বা পরামর্শ, বিধবাদের ও এতিমদের সহযোগীতা করা
- ইসলামিক বই এর দোকান বা পাঠাগারের ব্যবস্থা করে দেয়া এলাকায় যেনো হাতের কাছে সহিহ জ্ঞানের বই পায়।

৬। এছাড়া নিজস্ব পরিবেশ অবস্থা ও চাহিদার আলোকে পরিকল্পনা করে সাথে এড করে নিতে পারেন

মহান আল্লাহ আমাদের ইখলাসের সাথে আমল করার তাওফিক দান করুন। কবুল করে নিন সকল প্রচেষ্টা।

বিঃদ্রঃ পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সকল প্রয়োজনীয় বই ও উপাদানসহ একটি নিজস্ব পড়ার টেবিল গুছিয়ে ফেলা ও একটি ক্যালেণ্ডারের মত করে পরিকল্পনার রুটিন করে ফেলা। মহান আল্লাহ আমাদের সহজ করে দিন ও দৃঢ়চিত্ত দান করুন।

জাযাকুমুল্লাহি খাইরান

Sisters'Forum In Islam

প্রতিদিনের তিলাওয়াতের হিসাবঃ কুর'আন পুরুটা পড়ার জন্য

- ৩ মাসে (৯০ দিনে) সম্পূর্ণ কুরআন খতম দিতে প্রতিদিন গড়ে প্রায় ৭ পৃষ্ঠা (বা ১/৩ পারা) (অর্থাৎ ৩ দিনে ১ পারা) তিলাওয়াত করতে হবে। মাদানি মুসহাফ অনুযায়ী কুরআনের মোট পৃষ্ঠা সংখ্যা ৬০৪টি এবং মোট পারা ৩০টি।
  রুকুর হিসাবে: পবিত্র কুরআনে মোট ৫৫৮টি রুকু রয়েছে। প্রতিদিন গড়ে ৬টি রুকু তিলাওয়াত করলে ৩ মাসে খতম হয়ে যাবে।

রুটিন ১:

প্রতি ওয়াক্ত নামাজের পর (সবচেয়ে সহজ পদ্ধতি)
প্রতি ওয়াক্ত ফরজ নামাজের পর মাত্র ৩-৪ মিনিট বসে নিচের হিসাব অনুযায়ী পড়লে সারাদিনে ৭ পৃষ্ঠা পূর্ণ হয়ে যাবে:

- ফজরের পর: ২ পৃষ্ঠা।
- জোহরের পর: ১.৫ পৃষ্ঠা।
- আসরের পর: ১ পৃষ্ঠা।
- মাগরিবের পর: ১ পৃষ্ঠা।
- এশার পর: ১.৫ পৃষ্ঠা।

রুটিন ২:

দিনের নির্দিষ্ট দুই সময়ে (ব্যস্ততার জন্য)

- সকালে (ফজরের পর বা ঘুম থেকে উঠে): ৪ পৃষ্ঠা (সময় লাগবে প্রায় ১০ মিনিট)।
- রাতে (এশার পর বা ঘুমানোর আগে): ৩ পৃষ্ঠা (সময় লাগবে প্রায় ৭-৮ মিনিট)।
- সহিহ তাজবিদ এবং শব্দার্থ (Word-by-Word Meaning) সহকারে ৩ মাসে কুরআন খতম ও রিভিশনের জন্য প্রতিদিন গড়ে ৩০ থেকে ৪০ মিনিট সময় বের করা প্রয়োজন।

১. প্রতিদিনের সময় বিভাজন (দৈনিক ৭ পৃষ্ঠা)

একটানা ৭ পৃষ্ঠা শব্দার্থ ও তাজবিদসহ পড়া বেশ কঠিন হতে পারে। তাই এটিকে দুই বা তিন ভাগে ভাগ করে নেওয়া সবচেয়ে ভালো:

- ফজরের পর (প্রথম সেশন): ৩ পৃষ্ঠা তিলাওয়াত ও শব্দার্থ দেখা (সময়: ১৫-২০ মিনিট)। ফজরের পর মস্তিষ্ক শান্ত থাকে, তাই নতুন শব্দার্থ মনে রাখা সহজ হয়।
- মাগরিব বা এশার পর (দ্বিতীয় সেশন): ৪ পৃষ্ঠা তিলাওয়াত ও শব্দার্থ দেখা (সময়: ২০ মিনিট)।

Sisters'Forum In Islam

Sisters'Forum In Islam

শব্দার্থ ও তাজবিদসহ পড়ার সহজ কৌশল

শব্দার্থসহ কুরআন ব্যবহার: এমন একটি মুসহাফ (কুরআন) বা মোবাইল অ্যাপ (যেমন: Al Quran (Tafsir & by Word) বা Quran.com) ব্যবহার করুন, যেখানে প্রতিটি আরবি শব্দের নিচে সরাসরি বাংলা অর্থ দেওয়া আছে। এতে আলাদাভাবে অনুবাদ খোঁজার সময় বাঁচবে।

• **আগে অর্থ, পরে তিলাওয়াত:** প্রতিটি পৃষ্ঠা শুরু করার আগে ১-২ মিনিট চোখ বুলিয়ে শব্দের অর্থগুলো দেখে নিন। এরপর তাজবিদের নিয়ম (গুন্নাহ, মাদ্দ, কলকলা ও মাখরাজ) মেনে অর্থ বুঝে তিলাওয়াত করুন।

• **কমন শব্দ চিহ্নিত করা**: কুরআনের প্রায় ৫০-৬০% শব্দ বারবার ঘুরেফিরে আসে। প্রথম ১০-১৫ দিন একটু সময় লাগলেও এরপর অর্থ বুঝতে এবং তিলাওয়াতের গতি বাড়াতে অনেক সহজ হবে।

সাপ্তাহিক রিভিশন পদ্ধতি

যেহেতু আপনি রিভিশন করতে চাচ্ছেন, তাই সপ্তাহের একটি দিন (যেমন শুক্রবার) শুধু পেছনের পড়াগুলো ঝালাই করার জন্য রাখতে পারেন:

শনি থেকে বৃহস্পতিবার: প্রতিদিন ৭ পৃষ্ঠা করে নতুন অংশ পড়া (সপ্তাহে মোট ৪২ পৃষ্ঠা)।

শুক্রবার (রিভিশন ডে): নতুন পড়া কমিয়ে ৩-৪ পৃষ্ঠা পড়ুন এবং পুরো সপ্তাহে শেখা গুরুত্বপূর্ণ ও নতুন কুরআনিক শব্দগুলোর অর্থ আরেকবার দেখে নিন।

Sisters'Forum In Islam

Sisters'Forum In Islam


جَزَاكُ اللهُ خَيْرًا
Sisters'Forum In Islam